প্রতিদিন অন্তঃত একবার কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (**www.bteb.gov. bd** দেখুন

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ-কৃষি শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং ৫৭.০০০০.৩১৫.৭২.১৮-১০২ | তারিখ ঃ ০৯-১২-২০১৮খ্রিঃ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কারিকুলাম বিভাগ হইতে জারিকৃত ২০১৮ খ্রিঃ শিক্ষা বর্ষপুঞ্জির আলোকে ২ বছর মেয়াদী ডিপ্লোমা- ইন- ফরেস্ট্রি (ইন সার্ভিস) শিক্ষাক্রমের ৩য়পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের (তাত্ত্বিক ও ব্যবহারিক) বোর্ড সমাপনী পরীক্ষা আগামী ১৩ জানুয়ারি ২০১৯ খ্রিঃ রোজ রবিবার হইতে নিম্ন বর্ণিত কেন্দ্রে অনুষ্ঠিত হইবে।

| ক্রমিক নং | প্রতিষ্ঠান কোড | নির্ধারিত কেন্দ্রের নাম/শিক্ষা প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|
| ১ | ৬১০৮৩ | ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজী ইন্সটিটিউট, সিলেট |
| ২ | ২৩৩৫১ | ফরেস্ট্রি সায়েন্স এন্ড টেকনোলজী ইন্সটিটিউট, রাজশাহী |

পরীক্ষার সময়সূচী যথা সময়ে অবহিত করা হইবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হইতে অবগত হওয়া যাইবে।

অত্র বোর্ডের কারিকুলাম বিভাগ হইতে জারিকৃত শিক্ষা বর্ষপঞ্জি ২০১৮খ্রিঃ এর আলোকে উক্ত পরীক্ষা আরম্ভের তারিখ নির্ধারণ পূর্বক এতদসংগে পরীক্ষার্থীদের এন্ট্রি ফরম গ্রহন, জমা, পরীক্ষা ও অন্যান্য ফিসমুহের হার, শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রি ফরম প্রেরণের নিয়মাবলী এবং অন্যান্য শর্তাবলী আপনার অবগতির জন্য প্রদত্ত হইল এবং উহা যথাযথ অনুসরণ ও প্রতিপালনের জন্য অনুরোধ জানানো হইল।

১.১ সকল পরীক্ষার্থীদের নিকট হতে নিম্নোক্ত হারে পরীক্ষার ফি আদায় করতে হবে ঃ

| ক্রঃ নং | বিবরণ | পরীক্ষার ফি | নম্বর পত্র ফি | সনদ পত্র ফি | কেন্দ্র ফি | ইন্সটিটিউটের অংশ | বোর্ডের মোট অংশ |
|---|---|---|---|---|---|---|---|
| ক | ৩য় পর্ব নিয়মিত | ৪০০/- | ৭৫/- | - | ৪৫০/- | ৪৫০/- | ৪৭৫/- |
| খ | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পর্বের প্রতি বিষয়) | ২৫/- | - | - | - | ২৫/- | -- |
| গ | বিলম্ব/সংযোগ রক্ষাকারী ফি প্রতি পরীক্ষার্থীদের জন্য (যদি থাকে) | - | - | - | - | - | ৩০০/- |
| ঘ | প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড ফিস যথা সময়ে জমা দিতে বিলম্ব হলে প্রতিষ্ঠানের জরিমানা | - | - | - | - | - | ২৫০০/- |

২.০ <u>পরীক্ষার এন্ট্রি ফরম পুরনের নিয়মাবলী ঃ</u>

২.১ এন্ট্রি ফরম এর নির্ধারিত স্থানে প্রতিষ্ঠানের নাম, নিজের নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ঠিকানা সঠিকভাবে লিখিতে হইবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও পরীক্ষা আরম্ভ হওয়ার তারিখ পুরণ করিতে হইবে। এন্ট্রি ফরমের নির্ধারিত স্থানে ইংরেজীতে (বড় অক্ষরে) নাম লিখিতে হইবে।

২.৩ পরীক্ষার্থীকে এন্ট্রি ফরমের নির্ধারিত স্থানে তার রোল নম্বর, রেজিষ্ট্রেশন নম্বর ও সেশন সঠিক ভাবে লিখিতে হইবে।

২.৪ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত দুইকপি পাসপোর্ট সাইজের ছবি এন্ট্রিফরমের নির্ধারিত স্থানে সংযোজন করিতে হইবে।

২.৫ পরীক্ষার্থীকে এন্ট্রি ফরমের নির্ধারিত স্থানে দেয় সকল বিষয়ের নাম লিখিতে হইবে।

২.৬ পরীক্ষার্থী কর্তৃক পুরণকৃত প্রতিটি এন্ট্রি ফরমের নির্ধারিত স্থানে প্রতিষ্ঠানের প্রধান স্বাক্ষর করিবেন। প্রতিষ্ঠান প্রধানএন্ট্রি ফরমে স্বাক্ষর করার পূর্বে পরীক্ষার্থীর সকল তথ্য সঠিক আছে কিনা তাহা যাচাই বাছাই করে স্বাক্ষর করিবেন । প্রতিষ্ঠান প্রধান এর স্বাক্ষর ব্যতিত এন্ট্রি ফরম এবং ব্যাংক ড্রাফট গ্রহণ করা হইবে না । এন্ট্রি ফরমে কোন ভুল তথ্য অথবা অসম্পূর্ণ তথ্য থাকিলে এবং এর জন্য ফলাফল প্রকাশে ব্যাঘাত ঘটিলে তার জন্য বোর্ড দায়ী থাকিবে না ।

৩.০ <u>শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রি ফরম ও ফি - সমূহ বোর্ডে প্রেরণ পদ্ধতি</u> ঃ

৩.১ পরীক্ষার ফি, নম্বরপত্র ফি ও বিবিধ ফি - বাবদ আদায়কৃত বোর্ডের প্রাপ্য সমুদয় অর্থ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সহ সমুদয় অর্থ সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, হিসাব নং চলতি ১৩৩০০০১২১৮২ বেগম রোকেয়া সরণী শাখা আগারগাঁও, শেরেবাংলানগর (সোস্যাল ইসলামী ব্যাংক, লায়ন্স চক্ষু হাসপাতাল, আগারগাঁও, ঢাকা শাখায় নগদঅর্থ জমা দিয়েও ভাউচার সংযুক্ত করা যাইবে) অথবা সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে আগারগাঁও শাখায় উত্তোল যোগ্য সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে কৃষি শাখার ডেস্কে যাচাই বাচাই করার পর বোর্ডের হিসাব শাখায় প্রদত্ত ছকে তারিখ অনুযায়ী জমা দিতে হবে । (এখন হইতে উল্লেখিত সোনালী ব্যাংকের ড্রাফট স্ব স্ব প্রতিষ্ঠানকে ব্যাংকে ভাউচারের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।)

৩.২ পরীক্ষার্থীদের এন্ট্রি ফরম, পরীক্ষার ফি ও অন্যান্য ফি - বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে (পরীক্ষা কাজে সংশিণ্টষ্ট) “ছকে” বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই অত্র বোর্ডে পৌছাইতে হইবে। তবে সংশ্লিষ্ট শিক্ষকের ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.৩ কেন্দ্র ফিবাবদ আদায়কৃত অর্থ কেন্দ্রে পরীক্ষা সংক্রান্ত কাজে ব্যয় করিবেন।

৩.৪ বোর্ড হইতে এন্ট্রি ফরম গ্রহণ, ফিসহ এন্ট্রি ফরম জমা প্রদান, বোর্ড হইতে প্রবেশপত্র, উত্তরপত্র/পরীক্ষার কাগজপত্র গ্রহণ ইত্যাদি নিম্নোক্ত “ছক” মোতাবেক করিতে হইবে। কোন অবস্থাতেই ছকে বর্ণিত তারিখ ব্যতিত পরীক্ষর্থীদের এন্ট্রি ফরম ও ব্যাংক ড্রাফট গ্রহণকরা হইবে না। যদি ইহার ব্যতিক্রম পরিলক্ষিত হয় তাহা হইলে বিলম্ব ফি ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের উপর জরিমানা ধার্য্যসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হইবে যাহার জন্য প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকিবেন।

| এন্টি ফরম শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক গ্রহনের তারিখ | শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফ্ট করা ও জমা দেওয়ার তারিখ শেষ তারিখ | অত্র বোর্ডে সকল ব্যাংক ড্রাফট ও সংশোধিত এন্ট্রি ফরম জমা / গ্রহনের শেষ তারিখ | শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফিসহ (৩০০/=হারে) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফ্ট করা ও জমা দেওয়ার তারিখ | নির্ধারিত তারিখের (২০/১২/১৮) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ”ব্যাংক ড্রাফট ও প্রিন্ট আউট কপি” ২৬/১২/১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত গ্রহণ করা হইবে। এর পর কোন অবস্থাতেই আর গ্রহণ করা হইবে না। | অত্র বোর্ড হতে প্রবেশপত্র এবং পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র হাতে হাতে গ্রহন ও প্রবেশপত্র সংশোধনের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ১৮/১২/১৮ | ২০/১২/১৮ | ২৩/১২/১৮ | ২৪/১২/১৮ | | ২৪/১২/২০১৮ |

৩.৫ উপরে **“ছকে”** বর্ণিত তারিখের মধ্যে ছাত্র/ ছাত্রীদের নিকট হতে আদায়কৃত সমুদয় অর্থের ব্যাংক ড্রাফট করিতে হইবে এবং উক্ত তারিখের পরে কোন পরীক্ষার্থীর ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করা হইলে তাহা গ্রহনযোগ্য হইবে না ।

৩.৬ নির্ধারিত তারিখে ব্যাংক ড্রাফট করে সময়মত বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে ২৫০০/-(দুই হাজার পাচঁশত) টাকা জরিমানাসহ **“ছকে”** বর্ণিত তারিখ পর্যন্ত জমা দেওয়া যাইবে ।

৩.৭ পরীক্ষা সংক্রান্ড় সকল বিষয়ের যোগাযোগ অত্র অফিসের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর যোগাযোগ করিতে হইবে।

৩.৮ পরীক্ষার প্রবেশ পত্র, পরীক্ষার উত্তর পত্র, হাজিরা সিট, ড্যাচ প্যাচ ফরম ও অন্যান্য প্রয়োজনীয় কাগজ পত্র সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি), বরাবর প্রেরনের ব্যবস্থা করবেন।

৩.৯ প্রবেশপত্র গ্রহনের সময় প্রবেশপত্রের সংখ্যা সঠিক আছে কিনা তা দেখিয়া লইতে হইবে । প্রবেশপত্রে নাম, পিতার নাম, সেশন, রেজিঃ নম্বর, রোল নম্বর সঠিক আছে কিনা তা ভালভাবে পরীক্ষা করিতে হইবে । প্রবেশপত্রের ভুলের কারনে যদি কোন পরীক্ষার্থীর ফলাফল প্রকাশে ব্যাঘাত সৃষ্টি হয় তার জন্য বোর্ড দায়ী থাকিবে না ।

৩.১০ পরীক্ষার ফি, সার্ভিস চার্জ, নম্বরপত্র, বিবিধ ফি ও শিক্ষা সপ্তাহ ফি সমূহের জন্য একটি ব্যাংক ড্রাফট (বোর্ডের প্রাপ্য) **বরাবর**, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি), ৬ষ্ঠ তলা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০৭ প্রেরণের ব্যবস্থা করবেন।

| পর্ব | নিয়মিত/ অনিমিত | ছাত্র/ছাত্রী দের সংখ্যা | পরীক্ষার ফি | নম্বর পত্র ফি | শিক্ষা সপ্তাহ ফি | বিলম্ব ফি | মোট টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩য় | নিয়মিত | | | | | | | |

৩.১১ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ নিম্ন বর্ণিত **“ছক”** অনুযায়ী হবে।

| | |
|---|---|
| তারিখ ঃ.........................<br>বিষয় কোড ঃ .................<br>কেন্দ্র কোড ঃ...............<br>প্রেরক ঃ<br>কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>কেন্দ্রের নাম ঃ<br>উপজেলা ঃ<br>জেলাঃ | প্রাপক ঃ<br>সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি)<br>৬ষ্ঠ তলা- কৃষি শাখা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড<br>আগাগাঁও, শেরে বাংলা নগর<br>ঢাকা-১২০৭। |

বিশেষ শর্তাবলি ঃ

৪.১ যে সকল ছাত্র/ছাত্রী তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক পরীক্ষায় অকৃতকার্য হইবে তাহারা পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে না । এরূপ পরীক্ষার্থীদের ফরম ফিলাপ করা হইলে বোর্ড হইতে প্রবেশপত্র ইস্যু করা হইবেনা এবং ভুলবসত প্রবেশপত্র ইস্যু করা হইলেও তাদের পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হইবে এবং এর জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকিবেন ।

৪.২ পরীক্ষায় অংশ গ্রহণকারী ছাত্র/ছাত্রীদের তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক পরীক্ষার নম্বর (চার কলাম বিশিষ্ট) মার্কসিট ফরমে বিষয়ভিত্তিক রোল নম্বরের ক্রমানুসারে লিখিয়া এন্ট্রি ফরম ও ব্যাংক ড্রাফট জমা দেওয়ার সময় অবশ্যই বোর্ডে জমা দিতে হইবে নতুবাপ্রবেশপত্র প্রদান করা হইবে না ।

৪.৩ এন্ট্রি ফরম বোর্ডে জমা দেওয়ার সময় কোর্স যথাযথভাবে সম্পন্ন হইয়াছে এবং প্রবিধান অনুযায়ী 'ছাত্র/ছাত্রীদের ৮০% হাজিরা আছে মর্মে অধ্যক্ষের প্রত্যয়নপত্র দিতে হইবে তাছাড়া পরীক্ষার্থীর প্রতিষ্ঠানে প্রশিক্ষন গ্রহনের রেকর্ড হিসাবে ছাত্রদের হাজির খাতা বোর্ডে জমা দিতে হইবে।

৪.৪ পরীক্ষা শুরুর এক সপ্তাহ পূর্বে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্তকর্তা একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্রাধীন প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান অথবা তার মনোনীত একজন শিক্ষক নিয়ে পরীক্ষা কমিটি গঠন করতে হবে। পরীক্ষা কমিটির সদস্যসহ ব্যবহারিক পরীক্ষকদের পারিশ্রমিক এবং অন্যান্য ব্যয় কেন্দ্র ফি খাতে আদায়কৃত অর্থ থেকে নির্বাহ করতে হবে।

৪.৫ পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ন দলিলাদি যেমন-উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র ব্যবহার করার পর অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত অব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্র এবং অন-লাইনে বোর্ডে প্রেরিত সকল তথ্যের হার্ড কপি পরীক্ষা সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র ব্যবহার ও উদ্বত্ত বিবরণীসহ একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে হাতে হাতে বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় পরবর্তী পরীক্ষার উত্তরপত্র প্রদান করা হবে না। উল্লেখ্য উক্ত বিষয়ের প্রতিদিনের হিসাব একটি রেজিষ্টার খাতায় লিপিব্ধ করে রাখতে হবে।

৪.৬ শিক্ষকের তালিকায় পুরাতন/অভিজ্ঞ শিক্ষকের নাম তালিকায় অর্ন্তভুক্ত করে বোর্ডের ওয়েব সাইটে অন-লাইনে এন্ট্রি করার পর প্রবেশ পত্র ও মালমাল গ্রহণের সময় শিক্ষদের নামের তালিকার হার্ড কপি কৃষি ডিপ্লোমা শাখায় জমা দিতে হবে।

৪.৭ ফলাফল সংক্রান্ত যে কোন আপত্তি/মন্তব্য থাকলে তা ফলাফল প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে লিখিত ভাবে বোর্ডে কৃষি শাখায় (৬ষ্ঠতলা) অবহিত করতে হবে। ( উত্তর পত্তের প্যাকেট এর কাপড় অবশ্যই সবুজ কালার/রং এর হতে হবে)

স্বাঃ/-
(ড. প্রকৌঃ সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯১১৩২৮৩ (অফিস)

**স্মারক নং ৫৭.০০০০.৩১৫.৭২.১৮-১০২(১৮)** **তারিখ ঃ ০৯-১২-২০১৮খ্রিঃ**

সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরিত হল ঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৪-৬। সচিব/ পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। উপ-প্রধান বন সংরক্ষক,(শিক্ষা ও প্রশিক্ষণ উইং), বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৮। জেলা প্রশাসক-রাজশাহী/সিলেট
৯-১০। পরিচালক, ফরেস্টি সায়েন্স টেকনোলজী ইনসইটটিউট, সিলেট/সুপরা, রাজশাহী।
১১-১৪। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)/ দৃষ্টি আকর্ষণ ঃ(সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক- ১, ২ ও ৩), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (পরীক্ষা সংক্রান্ত আপনার সপ্তরের সংশ্লিষ্ট কার্যক্রমগুলো সম্পন্ন করনের জন্য অনুরোধ করা হলো)।
১৫ । কারিকুলাম বিশেষজ্ঞ-(কৃষি) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা । (বিজ্ঞপ্তি টি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ জানানো হলো)
১৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
১৮। নথি।



(মোহাম্মদ আলী মিয়া)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি/টেক্সঃ)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন- ৪৮১১০৯৪৯

প্রতিদিন অন্তঃত একবার কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (**www.bteb.gov. bd** দেখুন

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ-কৃষি শাখা

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং ৫৭.০০০০.৩১৪.৭২.০০১.১৮-১০৩ তারিখ ঃ ০৯-১২-২০১৮খ্রিঃ

## ডিপ্লোমা-ইন-ফরেষ্ট্রি (ইন- সার্ভিস) শিক্ষাক্রমের ৩য় পর্ব নিয়মিত বোর্ড সমাপনী পরীক্ষা ২০১৯ এর সময়সূচি ঃ

| সকাল ১০.০০টা থেকে শুরু | | |
|---|---|---|
| **তারিখ ও বার** | **বিষয়ের নাম ও কোড** | **পর্ব** |
| ১৩/০১/২০১৯ রবিবার | বন প্রকৌশলী-২ (এফডি ৩১৫) | ৩য় |
| ১৪/০১/২০১৯ সোমবার | বন ব্যবস্থাপনা (এফডি ৩২৩) | ৩য় |
| ১৫/০১/২০১৯ মঙ্গলবার | বন চাষ বিজ্ঞান-২ (এফডি ৩৩৫) | ৩য় |
| ১৬/০১/২০১৯ বুধবার | বন ব্যবহার বিজ্ঞান-২ (এফডি ৩৪৩) | ৩য় |
| ১৭/০১/২০১৯ বৃহস্পতিবার | বন রক্ষণ (এফডি ৩৫৩) | ৩য় |
| ২০/০১/২০১৯ রবিবার | বন সম্প্রসারণ (এফডি ৩৬৪) | ৩য় |
| ২১/০১/২০১৯ সোমবার | বন্যপ্রাণী ও চিত্ত বিনোদন (এফডি ৩৭২) | ৩য় |

বি দ্রঃ (ক) তাত্ত্বিক পরীক্ষা শেষ হওয়ার ৩ (তিন) দিনের মধ্যে ব্যবহারিক পরীক্ষা শেষ করতে হবে।

(খ) সময়সূচিতে বর্ণিত উপরোক্ত তারিখের যে কোন দিন সাধারণ ছুটি ঘোষিত হলে ও পরীক্ষা যথারীতি চলবে।

স্বাঃ/-

(ড. সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ফোনঃ ০২-৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং ৫৭.০০০০.৩১৪.৭২.০০১.১৮-১০৩(১৮) তারিখ ঃ ০৯-১২-২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরিত হল ঃ

১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

২। উপ- প্রধান বন সংরক্ষক(শিক্ষা ও প্রশিক্ষণ উইং), বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

৩-৬। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক(শিল্প ও প্রশিক্ষণ সম্বয়) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৭-৮। অধ্যক্ষ/কেন্দ্র সচিব, ফরেস্ট সায়েন্স এন্ড টেকনোলজী ইন্সটিটিউট, সিলেট/রাজশাহী।

৯-১০। জেলা প্রশাসক. সিলেট/রাজশাহী।

১১-১৪। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)/দৃষ্টি আকর্ষণ ঃ(সহঃ পরীক্ষা নিয়ন্ত্রক- ১,২ ও ৩) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (পরীক্ষা সংক্রান্ত আপনার দপ্তরের সংশ্লিষ্ট কার্যক্রমগুলো সম্পন্ন করনের জন্য অনুরোধ করা হলো)।

১৫ । কারিকুলাম বিশেষজ্ঞ-(কৃষি) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা । (রুটিন টি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ জানানো হলো)

১৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।

১৮। নথি।

(মোহাম্মদ আলী মিয়া)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি/টেক্সঃ)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন- ৪৮১১০৯৪৯